নিক ইত্তেফাক

তারিখ 15 AUG 1987
পৃষ্ঠা 3 কলাম 5

২৯শে শ্রাবণ ১৩৯৪ সং

## বিজ্ঞান শিক্ষাদানের আধুনিক পদ্ধতি বিষয়ে প্রশিক্ষণ শুরু

বাসস জানায়, সরকার ১৯৯০ সালের মধ্যে দেশের মাধ্যমিক স্তরের ৩০ হাজার বেসরকারী শিক্ষককে বিজ্ঞান শিক্ষাদানের আধুনিক পদ্ধতি বিষয়ে প্রশিক্ষণ প্রদানের পরিকল্পনা লইয়াছেন। একই সময়ে আরও দুই হাজার শিক্ষা প্রশাসক, প্রশিক্ষক এবং তত্ত্বাবধায়ককেও একই বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হইবে। সরকারী সূত্রে জানা গিয়াছে যে, এই প্রশিক্ষণের মেয়াদ হইবে দুই সপ্তাহ। দেশের দশটি শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়ে এই সব প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হইবে। ১৯৮৭-৮৮ সালে ৭২০০, ৮৮-৮৯ সালে সাড়ে ১১ হাজার ও ৮৯-৯০ সালে ১২ হাজার ১৬১ জনকে এই প্রশিক্ষণ দেওয়া হইবে।

গত বৃহস্পতিবার হইতে স্থানীয় শিক্ষক প্রশিক্ষণ কলেজে ১২০ জন শিক্ষককে লইয়া প্রথম প্রশিক্ষণ কোর্স শুরু হইয়াছে। এই কোর্সে দেশের ১০টি প্রশিক্ষণ কলেজে প্রায় ১ হাজার শিক্ষককে প্রশিক্ষণ দেওয়া হইবে বলিয়া সূত্রে উল্লেখ করা হয়।

বিজ্ঞান শিক্ষাদানের আধুনিক পদ্ধতি বিষয়ে প্রশিক্ষণ শুরু।

রিপোর্ট। দৈনিক ইত্তেফাক, ঢাকা। খণ্ড ৩৫ ; ৩

সরকার ১৯৯০ সালের মধ্যে দেশের মাধ্যমিক স্তরের ৩০ হাজার বেসরকারী শিক্ষককে বিজ্ঞান শিক্ষাদানের আধুনিক পদ্ধতি বিষয়ে প্রশিক্ষণ প্রদানের যে পরিকল্পনা নিয়েছেন তা এ মাস বৃহস্পতিবার থেকে স্থানীয় শিক্ষক প্রশিক্ষণ কলেজে শুরু হয়েছে।